

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৭৭৫

খোয়াই, ১২ নভেম্বর, ২০২৪

১৫ নভেম্বর খোয়াই জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস

আগামী ১৫ নভেম্বর খোয়াই জেলার তুলাশিখর ঝাকের পশ্চিম চাম্পাছড়া কমিউনিটি হলে খোয়াই জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস উদযাপন করা হবে। গতকাল জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলাশাসক সুমিত কুমার পাণ্ডে। সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী, খোয়াই মহকুমার মহকুমা শাসক চারু ভার্মা, তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক পরিমল মজুমদার এবং তুলাশিখর, খোয়াই, পদ্মাবিল, তেলিয়ামুড়া, কল্যাণপুর ঝাকের বিডিওগণ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে জেলাভিত্তিক জনজাতীয় গৌরব দিবস উদযাপন উপলক্ষে ১৯টি প্রদর্শনী স্টল খোলা হবে। তাছাড়াও সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে।
